



‘কবিতার ভাষা’ শীর্ষক আলোচনা সভা



২৪ জুলাই ২০২৩-সোমবার বাংলা বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে সাহিত্য-শিল্প বিষয়ক চতুর্থ পর্বে ‘কবিতার ভাষা’ শীর্ষক আলোচনা সভা কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক।

বাংলা বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. মিল্টন বিশ্বাসের সভাপতিত্বে অনুষ্ঠানে মুখ্য আলোচক হিসেবে ছিলেন একুশে পদক ও বাংলা একাডেমি সাহিত্য পুরস্কারপ্রাপ্ত বিশিষ্ট কবি কামাল চৌধুরী।

এছাড়া আলোচকবৃন্দ হিসেবে ছিলেন বাংলা বিভাগের শিক্ষক ড. মোছাঃ শামীম আরা, ড. রাজিব মন্ডল, ড. সাবিনা ইয়াসমিন, শাহ মোঃ আরিফুল আবেদ, মোঃ আসাদুল্লাহিল গালিব এবং সাবরিন নাহার। প্রবন্ধ পাঠ করেন বিভাগীয় শিক্ষক শাহ মোঃ আরিফুল আবেদ এবং সানজিদা মাসুদ।

এসময় বিভাগীয় শিক্ষক এবং শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।